

সৈয়দপুরে মানবিক সাহায্য সংস্থার

এমএসএমই ব্রাঞ্চ উদ্বোধন



নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলায় মানবিক সাহায্য সংস্থা (এমএসএস) এর প্রথম মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (এমএসএমই) ব্রাঞ্চ মঙ্গলবার, ৫ জানুয়ারি, ২০২১ তারিখে উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এমএসএস-এর নির্বাহী পরিচালক জনাব মুনাওয়ার রেজা খান। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সৈয়দপুর উপজেলা নির্বাহী অফিসার জনাব নাসিম আহমেদ। বিশেষ অতিথি হিসেবে অংশ নেন সৈয়দপুর উপজেলার নারী ভাইস চেয়ারম্যান মোছা. সানজিদা বেগম লাকী, বাঙ্গালীপুর ইউনিয়নের চেয়ারম্যান শ্রী প্রনোবেশ চন্দ্র বাগচী,

কামারপুকুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান জনাব মোঃ আঃ গফুর সরকার। এ ছাড়াও এতে এমএসএস-এর নির্বাহী পর্যদের সদস্যবৃন্দ, কর্মকর্তাগণ এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, মানবিক সাহায্য সংস্থা সৈয়দপুর এবং এর পার্শ্ববর্তী বিভিন্ন অঞ্চলে উদীয়মান ও সম্ভাবনাময় বিভিন্ন শ্রেণির ক্ষুদ্র উদ্যোক্তাদের প্রয়োজনীয় অর্থায়নের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচনের বৃহত্তর লক্ষ্যে মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (এমএসএমই) ঋণ কার্যক্রম শুরু করেছে। পর্যায়ক্রমে সমগ্র বাংলাদেশে এই কার্যক্রম সম্প্রসারণের অভিপ্রায় রাখে এমএসএস।

“

এমএসএস-এর এ উদ্যোগের মাধ্যমে এই অঞ্চলে উল্লেখযোগ্য হারে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা সৃষ্টি হবে এবং দারিদ্র্য পরিস্থিতির দৃশ্যমান উন্নয়ন ঘটবে বলে আশা করা যায়।

—এমএসএস প্রেসিডেন্ট
জনাব ফিরোজ এম হাসান

”

নতুন পাঁচ ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন করেছে

এমএসএস ট্রেইনিং ইউনিট



চলতি বছরের জানুয়ারি মাসে নতুন পাঁচটি ব্যাচে ৭৩ জন প্রশিক্ষার্থীকে প্রশিক্ষণ প্রদান করেছে এমএসএস ট্রেইনিং ইউনিট। মাইক্রো এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট কোর্স, অ্যাকাউন্টিং অ্যান্ড ডকুমেন্টেশন ট্রেইনিং কোর্স এবং সার্টিফিকেট কোর্স অন মাইক্রো ফিন্যান্স- এই

তিনটি বিষয়ে ব্যাচগুলোয় প্রশিক্ষণ দেওয়া হয়। ঢাকায় পাহুপথে প্রধান কার্যালয় এবং নীলফামারীর সিবিআরসি-তে এই প্রশিক্ষণ কর্ম পরিচালিত হয়েছে।

মাইক্রো এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট কোর্সে এমএসএস-এর ২৪ জন ট্রেইনি কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার এবং কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার, অ্যাকাউন্টিং অ্যান্ড ডকুমেন্টেশন ট্রেইনিং কোর্সে এমএসএস-এর শাখার ১৩ জন হিসাবরক্ষক এবং সার্টিফিকেট কোর্স অন মাইক্রো ফিন্যান্স বিষয়ে ক্ষুদ্র ঋণে ক্যারিয়ার গড়তে আগ্রহী ২৬ জন তরুণ এই প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

এমএসএস ও ওয়ান ব্যাংকের চুক্তি সাক্ষর



কৃষি খাতে ঋণ প্রদান সম্প্রসারিত করার জন্য বিনিয়োগ বৃদ্ধি করতে চলেছে মানবিক সাহায্য সংস্থা (এমএসএস)। এ লক্ষ্য সামনে রেখে প্রতিষ্ঠানটি ১৮ জানুয়ারি, ২০২১

তারিখে ওয়ান ব্যাংকের কর্পোরেট হেড অফিসে কৃষি ঋণ বিতরণ বিষয়ক একটি চুক্তি সাক্ষর করেছে। এমএসএস-এর পক্ষে নির্বাহী পরিচালক জনাব মুনাওয়াররেজা খান এবং ওয়ান ব্যাংকের পক্ষে অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ মনজুর মফিজ চুক্তি সাক্ষর করেন। প্রতিষ্ঠান দুটির উর্ধ্বতন কর্মকর্তাগণ এ সময় উপস্থিত ছিলেন। এই চুক্তি কৃষি খাতে আরো বেশি উদ্যোক্তা তৈরিতে সহায়তা করবে বলে তারা আশাবাদ ব্যক্ত করেন।

রেশমীর এখন মাসে আয় দেড় লাখ টাকা



স্বামীর গার্মেন্টসে চাকরি আর সন্তান নিয়ে ঘর সামলানো, এই গণ্ডিতেই থমকে ছিল রেশমীর জীবন। স্বল্প আয়ের টানা পোড়োনের সংসার। তবে ছোট্ট ঘরের জানালায় তাকিয়ে যারা আকাশ স্পর্শ করার সংকল্প করেন এবং দৃঢ় থাকেন পরিশ্রমে, তাগত্যে হয়ত তাদের বিমুখ করে না। রেশমীর গল্পটাও তেমনই।

এমএসএস ১০৯ নং শাখার অগ্রসর ঋণী সদস্য নিশি আক্তার রেশমী এখন একজন সফল উদ্যোক্তা। একটি ছোট পোশাক কারখানা রয়েছে তার। খরচাপাতি শেষে এখন তার মাসিক উপার্জন প্রায় দেড় লক্ষ টাকা।

গাজীপুর সদরের দক্ষিণ পানিশাইল এলাকায় স্বামী ও ২ জন সন্তান নিয়ে রেশমীর বসবাস। রেশমীর স্বামী ইমন পোশাক শিল্প কারখানায় কাজ করেছেন, এ বিষয়ে মোটামুটি জানাশোনা ছিল তার। এখন থেকেই মিনি গার্মেন্টস-এর পরিকল্পনা।

রেশমী-ইমনের লক্ষ্য আর সাফল্যের মাঝখানের প্রয়োজনীয় পুঁজির সংযোগ পূরণ করেছে এমএসএস। এখন রেশমীর কারখানায় ৯টি ইলেকট্রিক মেশিন, নিয়মিত কাজ করেন ৫ জন কর্মচারী।

এখন থেকে তৈরীকৃত পোশাক ইমন বিভিন্ন মার্কেটে পাইকারি দরে বিক্রি করেন। এ ছাড়াও এই কারখানায় তারা প্রতি মাসে ১০-১২ জনকে সেলাই প্রশিক্ষণ দেন। এই প্রশিক্ষণ ফি বাবদ তারা জনপ্রতি ৩-৪ হাজার টাকা গ্রহণ করেন। রেশমী জানান, নিজের অবস্থান পরিবর্তনের পাশাপাশি আরও মানুষের কর্মসংস্থান তৈরি করা তার জন্য অত্যন্ত সাফল্যময় অনুভূতি। ভবিষ্যতে নিজের ব্যবসাকে আরো বিস্তৃত এবং সুসংহত অবস্থানে নিয়ে যেতে চান এই উদ্যোক্তা।

এটি মানবিক সাহায্য সংস্থা'র মিডিয়া অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স ইউনিটের একটি প্রকাশনা
সেল সেন্টার (৪র্থ তলা), ২৯ পশ্চিম পাহুপথ, ঢাকা - ১২০৫